

নতুন ধারার দৈনিক

আমাদের সময়

মাউশির নতুন মহাপরিচালক গোলাম ফারুক

প্রকাশ | ১৯ নভেম্বর ২০১৮, ০০:০০



নিজস্ব প্রতিবেদক

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) নতুন মহাপরিচালক (চলতি দায়িত্ব) হিসেবে নিয়োগ পেয়েছেন জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমির (নায়েম) মহাপরিচালক ড. সৈয়দ মো. গোলাম ফারুক। গতকাল এ সংক্রান্ত আদেশ জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ।

প্রফেসর গোলাম ফারুক নায়েমের মহাপরিচালক হওয়ার আগে মাউশির চট্টগ্রাম অঞ্চলের পরিচালক পদে ছিলেন।

এ ছাড়া পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর (ডিআইএ) পরিচালক প্রফেসর আহমেদ সাজ্জাদ রশিদকে নায়েমের মহাপরিচালক করা হয়েছে। তার স্থলাভিষিক্ত হয়েছেন ঢাকা কলেজের ইংরেজি বিভাগের প্রফেসর মো. জাহাঙ্গীর হোসেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি